



বাংলাদেশ টেলিযোগাযোগ নিয়ন্ত্রণ কমিশন

আপারগাঁও প্রশাসনিক এলাকা, শের-ই-বাংলা নগর, ঢাকা।

www.btrc.gov.bd



প্রেস বিজ্ঞপ্তি

বঙ্গবন্ধুর সমাধি জিয়ারত করলেন বিটিআরসির নবযোগদানকৃত চেয়ারম্যান

ঢাকা, ১৫ ডিসেম্বর, ২০২৩।

গোপালগঞ্জের টুঙ্গিপাড়ায় স্বাধীনতার মহান স্থপতি জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানের সমাধিতে পুষ্পস্তবক অর্পণের মাধ্যমে গভীর শ্রদ্ধা নিবেদন করেন বাংলাদেশ টেলিযোগাযোগ নিয়ন্ত্রণ কমিশন (বিটিআরসি) এর নবযোগদানকৃত চেয়ারম্যান প্রকৌশলী মোঃ মহিউদ্দিন আহমেদ।

শুক্রবার (১৫ ডিসেম্বর) সকালে বঙ্গবন্ধুর সমাধিসৌধ জিয়ারত করেন তিনি। এ সময় উপস্থিত ছিলেন বিটিআরসি'র স্পেকট্রাম বিভাগের কমিশনার প্রকৌঃ শেখ রিয়াজ আহমেদ, অর্থ, হিসাব ও রাজস্ব বিভাগের কমিশনার জনাব ড. মুশফিক মান্নান চৌধুরী, প্রশাসন বিভাগের মহাপরিচালক জনাব আবদুল্লাহ আল মামুন, স্পেকট্রাম বিভাগের মহাপরিচালক ব্রিগেডিয়ার জেনারেল মোহাম্মদ মনিরুজ্জামান জুয়েল, লিগ্যাল এন্ড লাইসেন্সিং বিভাগের মহাপরিচালক জনাব আশীষ কুমার কুন্ডুসহ বিটিআরসি'র উর্ধ্বতন কর্মকর্তাবৃন্দ। কবর জিয়ারত করে বিটিআরসি চেয়ারম্যান বঙ্গবন্ধুর পবিত্র সমাধির সামনে দাঁড়িয়ে কিছুক্ষণ নীরবতা পালন করেন। পরবর্তীতে দোয়া ও মোনাজাতে অংশগ্রহণ করেন তিনি।

প্রকৌশলী মোঃ মহিউদ্দিন আহমেদ ২০১৯ সালের ৩০ মে বিটিআরসিতে ইঞ্জিনিয়ারিং অ্যান্ড অপারেশন্স বিভাগের কমিশনার হিসেবে যোগ দেন এবং ২০২২ সালের নভেম্বর থেকে কমিশনের ভাইস-চেয়ারম্যান হিসেবে দায়িত্ব পালন করেন। ২০২৩ সালের ১৫ ডিসেম্বর বিটিআরসি'র চেয়ারম্যান নিযুক্ত হন। তিনি বাংলাদেশ প্রকৌশল বিশ্ববিদ্যালয় (বুয়েট) থেকে মেকানিক্যাল ইঞ্জিনিয়ারিংয়ে স্নাতক এবং পরবর্তীতে ব্যবসা প্রশাসনে স্নাতকোত্তর (এমবিএ) ডিগ্রি অর্জন করেন।

প্রাপক (সদয় কার্যার্থে):

- ১। উপ-মহাপরিচালক (বার্তা)
বাংলাদেশ টেলিভিশন এবং
- ২। সম্পাদক/ প্রধান বার্তা সম্পাদক, দৈনিক সংবাদপত্র;
হেড অব নিউজ/ চীফ নিউজ এডিটর;
বার্তা সংস্থা/ টেলিভিশন চ্যানেল/রেডিও চ্যানেল; অনলাইন নিউজ, ঢাকা, বাংলাদেশ।

বিতরণ (সদয় অবগতির জন্য):

- ১। সচিব, বিটিআরসি।
- ২। চেয়ারম্যান মহোদয়ের একান্ত সচিব (ইহা মহোদয়ের সদয় অবগতির জন্য), বিটিআরসি।

অনুরোধক্রমে


মোঃ জাকির হোসেন খান
উপ-পরিচালক
মিডিয়া কমিউঃ এন্ড পাবঃ উইং
বিটিআরসি।
মোবাইল-০১৫৫২২০২৮৪০
zakirkhan@btrc.gov.bd